তারিখ ... 17 NOV 2016 ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৩ ...

দৈনিক
ইত্তেফাক

# সব মেডিক্যাল কলেজকে নীতিমালার শর্ত মেনে চলতে হবে

## চার বেসরকারি মেডিক্যালে ভর্তি বন্ধের সিদ্ধান্ত বহাল

■ বিশেষ প্রতিনিধি

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী মোহাম্মদ নাসিম বেসরকারি সব মেডিক্যাল কলেজকে নীতিমালার শর্ত মেনে চলার নির্দেশ দিয়েছেন। গতকাল বুধবার স্বাস্থ্য মন্ত্রণালয়ের সভাকক্ষে অনুষ্ঠিত বেসরকারি মেডিক্যাল কলেজে ভর্তিসংক্রান্ত সভায় তিনি এ নির্দেশ দেন। নীতিমালার শর্ত না মানায় গত ৭ নভেম্বর চার বেসরকারি মেডিক্যাল কলেজে ২০১৬-১৭ শিক্ষা বর্ষে শিক্ষার্থী ভর্তি বন্ধ করে দেয় স্বাস্থ্য মন্ত্রণালয়। এই চার বেসরকারি মেডিক্যাল কলেজ কর্তৃপক্ষের আবেদনের প্রেক্ষিতে গতকাল বৈঠক অনুষ্ঠিত হয়, কিন্তু এখনো পর্যন্ত শর্ত পূরণ না হওয়ায় সভায় সর্বসম্মতিক্রমে ওই চার মেডিক্যালে শিক্ষার্থী ভর্তি বন্ধের সিদ্ধান্ত বহাল রাখা হয়।

এক বছরের জন্য শিক্ষার্থী ভর্তি বন্ধ করে দেওয়া চার মেডিক্যাল কলেজ হলো- রংপুরের নর্দান মেডিক্যাল কলেজ, গাজীপুরের সিটি মেডিক্যাল কলেজ, আশুলিয়ার নাইটিঙ্গেল মেডিক্যাল কলেজ ও আশিয়ান মেডিক্যাল কলেজ। আগামী এক বছরের মধ্যে শর্ত পূরণ না করলে কলেজগুলোর কার্যক্রম একেবারে বন্ধ করে দেওয়ার সিদ্ধান্ত রয়েছে। ভর্তিসংক্রান্ত এই সভায় সভাপতিত্ব করেন স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিম। সভায় অন্যান্যের মধ্যে স্বাস্থ্যসচিব মো. সিরাজুল ইসলাম, স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক আবুল কালাম আজাদ, বিএমএ'র সভাপতি মাহমুদ হাসান, মহাসচিব ইকবাল আর্সলানসহ মন্ত্রণালয় ও অধিদপ্তরের কর্মকর্তা উপস্থিত ছিলেন।